



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

RESERVE BANK OF INDIA

ওয়েবসাইট: www.rbi.org.in

ই-মেল Email : helpdoc@rbi.org.in

যোগাযোগ বিভাগ কেন্দ্রীয় কার্যালয়, এস.বি.এস. মার্গ, মুম্বাই-400 001

DEPARTMENT OF COMMUNICATION, Central Office, S.B.S Marg, Mumbai-400001

আগস্ট 25, 2016

এস বি আই এবং আই সি আই সি আই ব্যাংককে, আরবিআই, 2016 সালের অভ্যন্তরীণ সুসম্বন্ধ ব্যবস্থাপূর্ণ গুরুত্বপূর্ণ ব্যাংক (D-SIBs) হিসাবে চিহ্নিত করল

ভারতীয় রিজার্ভ ব্যাংক স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া (এস বি আই) এবং আই সি আই সি আই ব্যাংককে অভ্যন্তরীণ সুসম্বন্ধ ব্যবস্থাপূর্ণ গুরুত্বপূর্ণ ব্যাংক (D-SIBs) হিসাবে চিহ্নিত করেছে এবং গত বছর যেমন ছিল সেইরকম ভাবে প্রয়োগ সাদৃশতার ভিত্তিতে গঠিত বিভাজন কাঠামো (bucketing structure) অপরিবর্তিত রেখেছে। এই ব্যাংকগুলির অতিরিক্ত সাধারণ ইকুয়িটি টায়ার I (CET 1) প্রয়োজনীয়তা ইতিমধ্যে এপ্রিল 01, 2016 থেকে শুরু হয়েছে এবং সম্পূর্ণ ভাবে কার্যকরী হবে এপ্রিল 1, 2019 থেকে। লোকসান প্রতিরোধক মূলধন সংরক্ষণ ব্যবস্থার (capital conservation buffer) উর্ধ্বে অতিরিক্ত CET 1 প্রয়োজনীয়তা প্রযোজ্য হবে।

2016 সালের নবীকৃত D-SIBs সারণি:

বিভাজিত অংশ	ব্যাংক	অতিরিক্ত সাধারণ ইকুয়িটি টায়ার I (CET 1) প্রয়োজনীয়তা ঝুঁকির মাত্রা অনুসারে সংরক্ষিত সম্পদের (RWAs) শতাংশ হিসাবে
5	-	1.0%
4	-	0.8%
3	State Bank of India	0.6%
2	-	0.4%
1	ICICI Bank	0.2%

পটভূমি

জুলাই 22, 2014 তারিখে D-SIBs-দের জন্য একটি পরিকাঠামো জারি করেছে রিজার্ভ ব্যাংক। এই পরিকাঠামো অনুসারে 2015 সাল থেকে রিজার্ভ ব্যাংককে প্রতি বছর আগস্ট মাসে D-SIBs হিসাবে চিহ্নিত ব্যাংকগুলির নাম প্রকাশ করতে হবে। এই পরিকাঠামো অনুসারে D-SIB গুলিকে তাদের অর্জিত সুসম্বন্ধ ব্যবস্থাপূর্ণ গুরুত্বপূর্ণ মানের (Systematic Important Scores (SIS)) ভিত্তিতে চারটি বিভাজনে রাখতে হবে। এই বিভাজনের ভিত্তিতে একটি D-SIB কোথায় অবস্থান করছে সেই অনুসারে তার অতিরিক্ত সাধারণ ইকুয়িটি প্রয়োজনীয়তা তার উপর লাগু হবে। উপরন্তু, D-SIB পরিকাঠামোতে যেমন উল্লেখ আছে, কোন বিদেশী ব্যাংক যার ভারতে উপস্থিতি আছে সেটি যদি বিশ্বব্যাপী সুসম্বন্ধ ব্যবস্থাপূর্ণ গুরুত্বপূর্ণ ব্যাংক (G-SIB) হয় তবে সেই ব্যাংককে ভারতে ঝুঁকির মাত্রা অনুসারে সংরক্ষিত সম্পদের (RWAs) অনুপাতিক হারে অতিরিক্ত CET 1 মূলধন সারচার্জ ভারতে বজায় রাখতে হবে, যেমন প্রযোজ্য হয় G-SIB-দের ক্ষেত্রে।

D-SIB পরিকাঠামোতে প্রদত্ত পদ্ধতিগত ব্যবস্থা এবং বিভিন্ন ব্যাংক থেকে মার্চ 31, 2015 তারিখের সংগৃহীত তথ্য উপর ভিত্তি করা রিজার্ভ ব্যাংক আগস্ট 31, 2015 তারিখে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া এবং আই সি আই সি আই ব্যাংক লিমিটেড কে D-SIBs হিসাবে ঘোষণা করেছিল। অভ্যন্তরীণ সুসম্বন্ধ ব্যবস্থাপূর্ণ গুরুত্বপূর্ণ ব্যাংক (D-SIBs) পরিকাঠামো এবং বিভিন্ন ব্যাংক থেকে মার্চ 31, 2016 তারিখের সংগৃহীত তথ্য উপর ভিত্তি করা রিজার্ভ ব্যাংক এই দুটি ব্যাংককে আবার 2016 সালের D-SIBs হিসাবে ঘোষণা করেছে।

আল্পনা কিল্লাওয়াল

মুখ্য উপদেষ্টা (প্রিন্সিপ্যাল অ্যাডভাইসার)